



জেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট
www.zplalmonirhat.gov.bd

২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপির বরাদ্দকৃত অর্থ দ্বারা গৃহীত প্রকল্প সমূহ:

স্থানীয় সরকার বিভাগের স্মারক নং ৪৬.০০.০০০০.০৪২.১৪.০৮৩.২৩(অংশ-১)৯৩১ তারিখ: ১২ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ পক্ষে ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপির বিশেষ বরাদ্দখাতের আওতায় লালমনিরহাট জেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দ পত্রের নির্দেশনা অনুযায়ী জনাব মোঃ মোতাহার হোসেন মাননীয় সংসদ সদস্য লালমনিরহাট-১, মহোদয়ের সাথে যোগাযোগ করা হলে তিনি প্রকল্প গ্রহণের বিষয়ে পরামর্শ দিতে না পারায় প্রকল্প গ্রহণ করা সম্ভব হয়নি। ফলে এ অর্থ অব্যয়িত রয়ে যায়। গত ০৫ আগস্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে সরকার পরিবর্তন হয়। স্থানীয় সরকার বিভাগের ০১ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের ৪৬.০৪২.০০০০.০০০.২২.০০২.১৫.১৪৫৯ পত্রের (ঘ)নং কলামে বিশেষ বরাদ্দের ক্ষেত্রে প্রকল্প নির্ধারিত না হয়ে থাকলে নতুন প্রকল্প গ্রহণ করতে হবে মর্মে নির্দেশনা রয়েছে (কপি সংযুক্ত)। বিষয়টি পরিষদের ১৪ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের সভায় উপস্থাপন করা হলে সভায় ১২(বার)টি প্রকল্প গৃহীত ও অনুমোদিত হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক গৃহীত প্রকল্পসমূহ নিম্নরূপ:

গৃহীত প্রকল্প সমূহ:

ক্রমিক নং	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ	বাস্তবায়নের ধরণ
১	লালমনিরহাট জেলা পরিষদ মালিকানাধীন প্রধান নির্বাহী কর্মকর্তার বাসভবন মেরামত, সংস্কার ও উন্নয়ন।	১৫,০০,০০০/-	টেন্ডার
২	কালীগঞ্জ উপজেলাধীন জেলা পরিষদ কাকিনা ডাকবাংলোর বাউন্ডারী ওয়াল সংস্কার ও উন্নয়ন।	১০,০০,০০০/-	টেন্ডার
৩	লালমনিরহাট সদর উপজেলাধীন কালেক্টরেট কলেজিয়েট স্কুল এর পুকুরঘাট সংস্কার ও উন্নয়ন।	৩,০০,০০০/-	PIC
৪	লালমনিরহাট সদর উপজেলাধীন বর্ডারগার্ড পাবলিক স্কুল অ্যান্ড কলেজ এর মূল ফটকের অসমাপ্ত কাজ সমাপ্ত করণ ও উন্নয়ন।	৩,০০,০০০/-	PIC
৫	জেলা পরিষদ মালিকানাধীন লালমনিরহাট সদর অডিটোরিয়াম এর সকল এসি মেরামত ও উন্নয়ন।	৩,০০,০০০/-	PIC
৬	হাতীবান্ধা উপজেলাধীন হাতীবান্ধা ডাকবাংলোর অভ্যন্তরের পার্কের সীমানা প্রাচীর নির্মাণ ও উন্নয়ন।	৩,০০,০০০/-	PIC
৭	লালমনিরহাট সদর উপজেলাধীন গুড়িয়াদাহ মোকন্দ দীঘিরপার জামে মসজিদ এর উন্নয়ন।	৩,০০,০০০/-	PIC
৮	লালমনিরহাট সদর উপজেলাধীন তালুকখুটামারা বটতলা (বর্ডারগার্ড স্কুল সংলগ্ন) কবরস্থানের ওয়াকওয়ে নির্মাণ।	৩,০০,০০০/-	PIC
৯	জেলা পরিষদে অবস্থিত জাতীয় মহিলা বিষয়ক ট্রেনিং সেন্টার এর সংস্কার ও উন্নয়ন	৩,০০,০০০/-	PIC
১০	পাটগ্রাম উপজেলাধীন পাটগ্রাম উপজেলা পরিষদ,জামে মসজিদ এর উন্নয়ন।	১,৫০,০০০/-	PIC
১১	পাটগ্রাম উপজেলাধীন পাটগ্রাম অফিসার্স ক্লাব,পাটগ্রাম এর উন্নয়ন।	১,৫০,০০০/-	PIC
১২	লালমনিরহাট শিশু কল্যাণ পরিবার কেন্দ্রের বিদ্যালয়ের বেঞ্চ সরবরাহ ও উন্নয়ন।	১,০০,০০০/-	PIC
	সর্বমোট=	৫০,০০,০০০/-	

সর্বমোট = ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকায় গৃহীত প্রকল্প সংখ্যা ১২টি, যার মধ্যে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকায় গৃহীত ০২টি প্রকল্প টেন্ডারের মাধ্যমে বাস্তবায়ন যোগ্য এবং ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকায় গৃহীত ১০টি প্রকল্প, প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়ন যোগ্য।

১৫/১০/২৪

(মোঃ ফারোজ হোসেন)

প্রধান নির্বাহী কর্মকর্তা(ভা.)

জেলা পরিষদ, লালমনিরহাট।

মোবাইল # ০১৩১৭৪৭৭৮৪৮

ই-মেইল zillaparishadlmh@yahoo.com